JamAhead

JamAhead অ্যাপ ব্যবহারের নিয়ম

How to use the JamAhead app

স্বেচ্ছাসেবকদের জন্য সহজ নির্দেশিকা · A simple guide for volunteers

App version 1.2 · jamahead.online

বাংলা	পৃষ্ঠা ২
English	page 6

JamAhead কী?

JamAhead একটি বিশ্ববিদ্যালয়ের থিসিস প্রকল্প। আমরা এমন একটি পদ্ধতি তৈরি করছি, যা চট্টগ্রামের রাস্তার যানজট আগে থেকেই জানিয়ে দেবে। এর জন্য দরকার সত্যিকারের যাত্রার তথ্য, আর সেটা আসে আপনার মতো স্বেচ্ছাসেবকদের কাছ থেকে।

আপনার কাজ খুব সহজ: যাত্রী হিসেবে কোথাও যাওয়ার সময় অ্যাপে যাত্রাটি রেকর্ড করুন। চাইলে যানজটের ছবি বা রিপোর্টও পাঠাতে পারেন।

১ অ্যাপ ইনস্টল করুন

১. ফোনে **jamahead.online** খুলুন এবং **Download the Android app** চাপুন।

২. ডাউনলোড শেষ হলে ফাইলটি খুলুন।

৩. ফোন অনুমতি চাইলে **Install unknown apps** চালু করুন।

৪. **Install** চাপুন, তারপর **Open**।

অ্যাপটি অ্যান্ড্রয়েড ৭ বা তার নতুন ফোনে চলে। এটি প্লে স্টোরে নেই, তাই ওয়েবসাইট থেকেই নিতে হয়।

২ প্রথমবার চালু করা

১. আপনার নাম লিখুন। ডাকনামও চলবে।

২. নিচের ছোট লেখাটি পড়ুন, তারপর **Start** চাপুন।

৩. **Settings** ট্যাবে গিয়ে **Allow recording in background** চাপুন এবং অনুমতি দিন। এতে স্ক্রিন বন্ধ থাকলেও রেকর্ডিং চলবে। Xiaomi, Oppo, Vivo, Realme ও Samsung ফোনে এটি খুব জরুরি।

সার্ভার, পাসওয়ার্ড বা অন্য কিছু সেট করতে হবে না। অ্যাপটি আগে থেকেই প্রস্তুত।

অ্যাপের নিচে চারটি ট্যাব আছে:

- **Trip**: যাত্রা রেকর্ড করা
- **Observe**: যানজটের ছবি ও রিপোর্ট
- **Data**: কী পাঠানো হয়েছে আর কী বাকি
- **Settings**: আপনার নাম ও অন্যান্য সেটিংস

৩ যাত্রা রেকর্ড করুন (সবচেয়ে জরুরি কাজ)


১. **Trip** ট্যাব খুলুন।

২. কীভাবে যাচ্ছেন বেছে নিন: **Bus**, **CNG**, **Car**, **Motorbike**, **Rickshaw**, **Walking** বা **Other**।

৩. চাইলে রুট লিখুন, যেমন “১০ নম্বর বাস, বহদ্দারহাট → আগ্রাবাদ”। না লিখলেও চলবে।

৪. যাত্রা শুরুর সময় **Start trip** চাপুন।


৫. প্রথমবার ফোন অনুমতি চাইবে। লোকেশনের জন্য **While using the app** আর **Precise** বেছে নিন, নোটিফিকেশনের জন্য **Allow**।



যাত্রা শুরুর আগে

৬. ফোন পকেটে বা ব্যাগে রাখুন। ওপরে **Recording trip** নোটিফিকেশন দেখা গেলে বুঝবেন রেকর্ডিং চলছে।

৭. পৌঁছে গেলে **Stop trip** চাপুন, তারপর **Stop & save**।



রেকর্ডিং চলছে

মনে রাখুন

- প্রতিটি যাত্রার জন্য আলাদা করে Start ও Stop করুন।
- রেকর্ডিং চলার সময় অ্যাপটি “রিসেন্ট অ্যাপস” থেকে সরিয়ে (সোয়াইপ করে) দেবেন না।
- যাত্রার মাঝে যানজট দেখলে **Report jam** বা **Photo** চাপতে পারেন।

৪ কখন ও কোথায় সবচেয়ে কাজে লাগে

- ব্যস্ত সময়: সকাল ৭:৩০–১০:৩০, দুপুর ১২:৩০–২:৩০, বিকেল ৪:৩০–রাত ৮:৩০।
- প্রধান সড়ক: আইআইইউসি (কুমিরা) – ভাটিয়ারী – অলংকার – এ কে খান; বহদ্দারহাট – মুরাদপুর – জিইসি – আগ্রাবাদ – বন্দর; অক্সিজেন – চকবাজার – নিউ মার্কেট।
- তবে আপনার প্রতিদিনের যেকোনো যাত্রাই কাজে লাগে।

৫ যানজটের ছবি পাঠান


১. **Observe** ট্যাবে **Photo observation** চাপুন। (যাত্রার মাঝে **Photo** বোতামও আছে।)

২. নিরাপদ জায়গা থেকে রাস্তার ছবি তুলুন।

৩. যানজট কেমন, ১ থেকে ৫ এর মধ্যে বেছে নিন (নিচের স্কেল দেখুন)।

৪. চাইলে আবহাওয়া, যানজটের কারণ, রাস্তার নাম ও দিক যোগ করুন।

৫. **Save observation** চাপুন।



Observe ট্যাব

৬ ছবি ছাড়া দ্রুত রিপোর্ট

Observe ট্যাবে **Quick jam report** চাপুন (যাত্রার মাঝে **Report jam**), তারপর ১ থেকে ৫ এর একটি বেছে নিন। ব্যস, রিপোর্ট হয়ে গেল।

যানজটের স্কেল ১–৫

১ Free flow	২ Light	৩ Moderate	৪ Heavy	৫ Standstill
অবাধ চলাচল: গাড়ি স্বাভাবিক গতিতে চলছে	হালকা: একটু ধীর, তবে চলছে	মাঝারি: ধীর, বারবার থামছে	ভারী: খুব ধীর, লম্বা সারি	স্থবির: কয়েক মিনিট ধরে নড়ছে না

৭ নিরাপত্তা (অবশ্যই মানবেন)


- **শুধু যাত্রী হিসেবে বা হাঁটার সময় রেকর্ড করুন। গাড়ি বা বাইক চালানোর সময় কখনোই ফোন ধরবেন না।**
- ছবি তুলুন নিরাপদ জায়গা থেকে। ছবির জন্য কখনো রাস্তায় নামবেন না।
- রাস্তা ও যানবাহনের ছবি তুলুন, মানুষের নয়।

৮ তথ্য পাঠানো (আপলোড)

ইন্টারনেট থাকলে সবকিছু নিজে থেকেই পাঠানো হয়ে যায়। দেখতে চাইলে **Data** ট্যাব খুলুন:

- **Everything is uploaded.** মানে সব পাঠানো হয়ে গেছে।
- **… items waiting to upload.** মানে কিছু বাকি: ইন্টারনেট চালু করে **Upload now** চাপুন।

সব পাঠানো শেষ হওয়ার আগে অ্যাপ আনইনস্টল করবেন না, করলে ওই তথ্য হারিয়ে যাবে।



Data ট্যাব

৯ সমস্যা হলে

- **স্ক্রিন বন্ধ হলে রেকর্ডিং থেমে যায়: Settings**-এ আবার **Allow recording in background** চাপুন। রেকর্ডিং চলার সময় অ্যাপটি রিসেন্ট অ্যাপস থেকে সরাবেন না।
- **GPS position not available**: ফোনের Location চালু করুন এবং খোলা জায়গায় একটু অপেক্ষা করুন।
- **কিছু পাঠানো হচ্ছে না:** ইন্টারনেট আছে কিনা দেখুন, তারপর **Data** ট্যাবে **Upload now**।
- **App not installed**: ফোনে জায়গা (স্টোরেজ) খালি আছে কিনা দেখুন, তারপর আবার ডাউনলোড করুন।
- **নতুন সংস্করণ এলে:** অ্যাপ একটি নোটিফিকেশন ও ওপরে একটি বার্তা দেখাবে। **Update** চাপুন; অ্যাপ নিজেই ডাউনলোড করবে, তারপর **Install** চাপুন। প্রথমবার JamAhead-এর জন্য **Install unknown apps** চালু করতে হবে। আপনার তথ্য থেকে যাবে।

১০ আপনার তথ্য ও গোপনীয়তা

শুধু আপনি যখন রেকর্ড করেন, তখনই অবস্থান সংগ্রহ হয়। অ্যাপ খুললে আপডেট দেখার জন্য শুধু আপনার নাম ও অ্যাপের সংস্করণ পাঠায়, অবস্থান নয়। আপনার কন্টাক্ট, কল, মেসেজ বা অন্য কোনো অ্যাপের তথ্য নেওয়া হয় না। তথ্য শুধু এই গবেষণায় ব্যবহার হয়; প্রকাশ করা হয় শুধু রাস্তার গড় গতি, কারো আলাদা যাত্রা নয়। আপনার তথ্য মুছে ফেলতে চাইলে আপনার কালেক্টর নাম লিখে ইমেইল করুন।

প্রশ্ন বা সাহায্য: **contact@jamahead.online** · ওয়েবসাইট: **jamahead.online**
আপনার সময় ও সাহায্যের জন্য অনেক ধন্যবাদ!

What is JamAhead?

JamAhead is a university thesis project. We are building a way to warn people about traffic jams on Chattogram's roads before they happen. For that we need real trips, and they come from volunteers like you.

Your job is simple: when you travel as a passenger, record the trip in the app. If you like, you can also send photos or reports of traffic jams.

1 Install the app

1. On your phone, open **jamahead.online** and tap **Download the Android app**.
2. When the download finishes, open the file.
3. If your phone asks, turn on **Install unknown apps**.
4. Tap **Install**, then **Open**.

The app works on Android 7 or newer. It is not on the Play Store, so you get it from the website.

2 First start

1. Enter your name. A nickname is fine.
2. Read the short note below it, then tap **Start**.
3. Open the **Settings** tab, tap **Allow recording in background** and allow it. Then recording continues with the screen off. This matters most on Xiaomi, Oppo, Vivo, Realme and Samsung phones.


There is no server, password or anything else to set up. The app is ready to use.

The app has four tabs at the bottom:

- **Trip**: record a trip
- **Observe**: traffic photos and reports
- **Data**: what has been sent and what is waiting
- **Settings**: your name and other settings


3 Record a trip (the most important part)

1. Open the **Trip** tab.
2. Choose how you travel: **Bus**, **CNG**, **Car**, **Motorbike**, **Rickshaw**, **Walking** or **Other**.
3. If you like, write the route, e.g. “Bus 10, Bahaddarhat → Agrabad”. You can leave it empty.
4. When you set off, tap **Start trip**.
5. The first time, the phone asks for permission. For location choose **While using the app** and **Precise**; for notifications choose **Allow**.



Before the trip

6. Put the phone in your pocket or bag. The **Recording trip** notification at the top shows that it is recording.
7. When you arrive, tap **Stop trip**, then **Stop & save**.



While recording

Remember


- Start and stop each journey separately.
- Don't swipe the app away from “recent apps” while it is recording.
- See a jam on the way? Tap **Report jam** or **Photo**.

4 When and where it helps most

- Busy times: 7:30–10:30, 12:30–14:30 and 16:30–20:30.
- Main roads: IIUC (Kumira) – Bhatiari – Alankar – AK Khan; Bahaddarhat – Muradpur – GEC – Agrabad – Port; Oxygen – Chawkbazar – New Market.
- But any of your everyday trips helps.

5 Send a traffic photo

1. In the **Observe** tab, tap **Photo observation**. (During a trip there is also a **Photo** button.)
2. Take a photo of the road from a safe place.
3. Choose how bad the traffic is, from 1 to 5 (see the scale below).
4. If you like, add the weather, the causes, the road name and the direction.
5. Tap **Save observation**.



The Observe tab

6 Quick report without a photo

In the **Observe** tab tap **Quick jam report** (during a trip: **Report jam**), then choose 1 to 5. That's it.

The congestion scale 1–5

1 Free flow	2 Light	3 Moderate	4 Heavy	5 Standstill
Vehicles move at normal speed	Some slowing, keeps moving	Slow, frequent stops	Crawling, long queues	Not moving for minutes

7 Safety (always)


- **Record only as a passenger or while walking. Never touch the phone while driving or riding.**
- Take photos only from a safe place. Never step into the road for a picture.
- Photograph roads and traffic, not people.

8 Sending your data (upload)

With internet, everything is sent by itself. To check, open the **Data** tab:

- **Everything is uploaded.** means all is sent.
- **… items waiting to upload.** means some is left: turn on internet and tap **Upload now**.

Don't uninstall the app before everything is uploaded, or that data is lost.



The Data tab

9 If something goes wrong

- **Recording stops when the screen is off:** tap **Allow recording in background** in **Settings** again, and don't swipe the app away from recent apps while recording.
- **GPS position not available:** turn on the phone's Location and wait a moment in the open.
- **Nothing is uploading:** check your internet, then tap **Upload now** in the **Data** tab.
- **App not installed:** check that the phone has free storage, then download again.
- **A new version:** the app tells you with a notification and a message at the top. Tap **Update**; the app downloads it, then tap **Install**. The first time, allow **Install unknown apps** for JamAhead. Your data stays.

10 Your data and privacy

Your location is collected only while you record. When the app opens, it sends only your name and app version, to check for updates (never your location). Your contacts, calls, messages and other apps are never read. The data is used only for this research; we publish average speeds per road, never anyone's individual trips. To have your data deleted, email us your collector name.

Questions or help: **contact@jamahead.online** · Website: **jamahead.online**
Thank you very much for your time and help!